


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০৮.২০২২.৩৫৪

তারিখ: ০৫ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: প্রস্তাবিত “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের) গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২২”-এ ‘গভর্নিং বডি’ এবং ‘ম্যানেজিং কমিটি’র সভাপতি মনোনয়ন প্রদানের বিষয়ে মতামত প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের) গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা, ২০২২” প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রবিধানমালায় গভর্নিং বডি’র সভাপতি হিসেবে অবসরপ্রাপ্ত উপসচিব বা সমমানের কর্মকর্তা (৫ম গ্রেডভুক্ত) এবং ‘ম্যানেজিং কমিটি’র সভাপতি হিসেবে একজন সরকারি কর্মকর্তা বা অবসরপ্রাপ্ত ১ম শ্রেণীর কর্মকর্তা-কে মনোনয়ন প্রদান করার বিষয়টি অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে মতামত প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মিজানুর রহমান)  
উপসচিব

ফোন: ৯৫৪৫০৩২  
ই-মেইল : ds\_sec2@moedu.gov.bd

বিতরণ:

- ১) রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড.....(সকল)।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।